

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৮০.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন বিভিন্ন পাম্প-স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন বিভিন্ন পাম্প-স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২০/৭/২৩ ৩:৫৪ অপরাহ্ন

মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডস জোন-১০ এর অধীনে ৯৩টি পাম্প স্টেশনে ৬৪টি ডুয়াল কুপসহ মোট ১৫৭টি গভীর নলকূপ চালু আছে। যার মধ্যে ১৫১টি কুপ ভিএফডি/ইনভার্টার দ্বারা বাকী ৬টি গভীর নলকূপ এলটি প্যানেল স্টার্টার দ্বারা সচল আছে। মডস জোন-১০ হতে বিভিন্ন সময় টেলিফোনে ও পত্র মাধ্যমে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখিত পাম্পসমূহ পরিদর্শন করে বৈদ্যুতিক সাব স্টেশনের ড্রপ-আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর, এইচটি ক্যাবল কোন জ্বলা, কাট-আউট ভাঙ্গা, এমসিসিবি জ্বলা/ডাইরেক্ট করা পাওয়া গিয়াছে। বিবেচ্য সংযুক্তি: মডস জোন-১০ হতে প্রাপ্ত চিঠির ফটোকপি।, সদয় দ্রষ্টব্য। চলমান বর্ষা মৌসুমে বেশ কিছু পাম্প স্টেশনের ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা ও গাছ জন্মেছে। ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা থাকলে এইচটি ফল্ট ঘটে ড্রপ আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর ও এইচটি ক্যাবল কোন জ্বলে যাওয়ার আশংকা থাকে। সে কারণে ডেসকোর মাধ্যমে ইলেকট্রিক লাইন শাট-ডাউন নিয়ে আগাছা/গাছ ক্লিনিং করার প্রয়োজন রয়েছে। যে সকল সাব-স্টেশনের ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা তা মেরামত করতে হবে। উল্লেখ্য যে ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা থাকলে বিভ্রালসহ অন্যান্য প্রাণী ট্রান্সফরমারের সংস্পর্শে এসে এইচটি ফল্ট ঘটে। আলোচ্য পাম্প-স্টেশনগুলোর মধ্যে বেশকিছু সাব-স্টেশন অনেক পুরাতন ও বেশ কয়েকটি পাম্পের এইচটি পোলের ড্রপ আউট ফিউজ ডাইরেক্ট/ন্যাকেড করা। যার ফলে ঝড়/বজ্রপাতের সময় সার্জ ভোল্টেজের কারণে ট্রান্সফরমার, এইচটি-এলটি ক্যাবল জ্বলে যেতে পারে। সাব-স্টেশনের ড্রপ আউট ফিউজ ও লাইটনিং এরেষ্টর যথাযথ আর্থিং-ওয়ারিংসহ স্থাপন করার জন্য ডেসকো হতে সুপারিশ করা হয়। এলটি সাইডের সেফটি ডিভাইস হিসাবে এলটি কাঠের বোর্ড, কাট আউট/ফিউজ ডিসকানেক্টর/সার্কিট ব্রেকার প্রভৃতি স্থাপন/প্রতিস্থাপনের প্রয়োজন রয়েছে। কিছু পাম্প স্টেশনের এলটি কাঠের বোর্ড জ্বলা, কাট আউট, সার্কিট ব্রেকার ডাইরেক্ট করা আছে যেগুলো জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। নিরবিচ্ছিন্ন পাম্প-মোটর চালু রাখার লক্ষ্যে বৈদ্যুতিক সাব-স্টেশনের প্রিভেন্টিভ মেইনটেন্যান্স কাজ করা আবশ্যিক। সে কারণে উপরোক্ত বর্ণনা ও পরিদর্শন রিপোর্টের আলোকে বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট।, সদয় দ্রষ্টব্য। মডস জোন-১০ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করার জন্য রোট সিডিউল ও পূর্বানুমোদিত দরেরবিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দর ও রোট সিডিউলের ফটোকপি।, সদয় দ্রষ্টব্য। ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট= ৯,৯৭,৬৮৯.৩০৪/- (নয় লক্ষ সাতানব্বই হাজার ছয়শত ঊননব্বই দশমিক তিন শুন্য চার) টাকা মাত্র। বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।, সদয় দ্রষ্টব্য। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্ম-পরিকল্পনায় ক্রমিক নং-২৯, প্যাকেজ নং- পি.ডব্লিউ-২৩ তে (এলটিএম,ই-জিপি তে) অন্তর্ভুক্ত করা আছে। বিবেচ্য সংযুক্তি: এফ এম বিভাগ-২ এর ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্মপরিকল্পনার ফটোকপি।, সদয় দ্রষ্টব্য। যা অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক(ওএন্ডএম) মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):



- ১। এফ এম বিভাগ-২ এর ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্মপরিকল্পনার ফটোকপি।
- ২। মডস জোন-১০ হতে প্রাপ্ত চিঠির ফটোকপি।
- ৩। পূর্বানুমোদিত দর ও রোট সিডিউলের ফটোকপি।
- ৪। আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।


অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২০/৭/২৩ ৩:৫৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের বিধায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম-ই-জিপি) দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২০/৭/২৩ ৩:৫৬ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে মডস জোন-১০ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্প-স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে উপস্থাপিত মোট= ৯,৯৭,৬৮৯.৩০৪/- (নয় লক্ষ সাতানব্বই হাজার ছয়শত ঊননব্বই দশমিক তিন শুন্য চার) টাকার প্রাক্কলনটি অনুমোদনসহ পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (এলটিএম-ই-জিপি) দরপত্র আহবান করে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।


			
২০/৭/২৩ ৩:৫৭ অপরাহ্ন রজন বড়ুয়া উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২০/৭/২৩ ৩:৫৯ অপরাহ্ন রিয়াদ আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	২০/৭/২৩ ৪:৩১ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মণ নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/৭/২৩ ১১:৩৬ পূর্বাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল


৩০/৭/২৩ ৯:৫৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৩০/৭/২৩ ৯:৫৪ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএভ
এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএভএম) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২/৮/২৩ ২:০৩ অপরাহ্ন
Approved.


২/৮/২৩ ২:০৪ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএভ
এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএভএম) এর দপ্তর


৩/৮/২৩ ১২:২১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


৩/৮/২৩ ১২:২২ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মেন
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২


৩/৮/২৩ ১২:৪৯ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২


৩/৮/২৩ ১২:৫৮ অপরাহ্ন
রজন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৪

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।


৩/৮/২৩
সুজন চন্দ্র বর্মেন
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াশা

SAE

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা